# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৮৬

## আরবি মূল আয়াত:

فَلَوۡ لَاۤ اِنۡ كُنۡتُمۡ غَيۡرَ مَدِيۡنِيۡنَ ﴿۸۶﴾

## অনুবাদসমূহ:

তোমাদের যদি প্রতিফল দেয়া না হয়, তাহলে তোমরা কেন — আল-বায়ান

তোমরা যদি (আমার) কর্তৃত্বের অধীন না হও — তাইসিরুল

তোমরা যদি কর্তৃত্বাধীন না হও – — মুজিবুর রহমান

Then why do you not, if you are not to be recompensed, — Sahih International

৮৬. অতঃপর যদি তোমরা হিসাব নিকাশ ও প্রতিফলের সম্মুখীন না হও(১),

(১) مَدِيۡنِيۡنَশব্দের এক অর্থ হিসাব নিকাশের অধীন। কারণ, তারা মৃত্যুর পর হিসাব দেয়ার বিষয়টি অস্বীকার করত। [তাবারী] অপর অর্থ, পুনরুত্থিত হওয়া। যদি তোমরা পুনরুত্থিত না হওয়ার থাক, তবে রূহ ফেরত নিয়ে আস না কেন? [তাবারী] অপর অর্থ, প্রতিফল দেয়া। অর্থাৎ যদি তোমাদেরকে তোমাদের কাজের প্রতিফল না দিতে হয়, তবে তোমাদের রূহকে ফিরিয়ে নিয়ে আস না কেন? এ অর্থকে ইমাম তাবারী প্রাধান্য দিয়েছেন। কারও অধীন থাকা। অর্থাৎ যদি তোমরা কারও অধীন না থাক, কারও কর্তৃত্ব যদি তোমাদের উপর কার্যকর না থাকে, তবে তোমরা কেন তোমাদের রূহকে দেহে ফিরিয়ে আনতে সক্ষম হও না? [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৮৬) তোমরা যদি কর্তৃত্বাধীন না হও,

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন